

## জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি

(১) প্রকল্পের নাম	:	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্প
(২) উদ্যোগী মন্ত্রণালয়	:	কৃষি মন্ত্রণালয়
(৩) প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা	:	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) গাজীপুর
(৪) প্রকল্পের অনুমোদিত প্রাকলিত ব্যয় (স্থানীয় মুদ্রায়)	:	৪৮২৬.৯৫ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) এল.জি.ই.ডি. ৩৫৪০.২৫ লক্ষ টাকা (৭৩.৩৪%) নাটা- ১২৮৬.৭০ লক্ষ টাকা (২৬.৬৬%)
(৫) প্রকল্প বাস্তবায়নকাল	:	অক্টোবর ২০১৫ – জুন ২০২০ খ্রি.

### প্রকল্প অনুমোদন

- কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদনঃ ১৮ ফেব্রুয়ারি ২০১৬
- সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রথম বরাদ্দঃ ২০ এপ্রিল ২০১৬
- ❖ প্রকল্প বাস্তবায়ন এলাকাঃ জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর

### প্রকল্পের পটভূমি

১৯৭৫ সালে জাপান সরকার (JICA) এর সহযোগিতায় গাজীপুরে ৪৯ একর জমির উপর কেন্দ্রীয় সম্প্রসারণ সম্পদ উন্নয়ন ইনসিটিউট (Central Extension Resources Development Institute-CERDI- সার্ডি) প্রতিষ্ঠিত হয়।

সার্ডিকে বিলুপ্ত করে ০৩ এপ্রিল ২০১৩ তারিখ কৃষি মন্ত্রণালয়ের অধীনে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (NATA) গঠন করা হয় এবং জুলাই ২০১৪ তারিখ থেকে এর কার্যক্রম শুরু হয়।

এ একাডেমি কৃষি মন্ত্রণালয়াধীন ১৬টি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মকর্তা, গবেষক এবং সম্প্রসারণ কর্মীদের প্রশিক্ষণ প্রদান করবে।

NATA এর ভৌত অবকাঠামো উন্নয়ন এবং প্রশিক্ষণ সুবিধাদি বৃক্ষি করা হলে একাডেমিকে কৃষি মন্ত্রণালয়ের কেন্দ্রীয় প্রশিক্ষণ একাডেমিতে রূপান্তর করা সম্ভব হবে।

এ প্রেক্ষাপটে অক্টোবর ২০১৫ থেকে জুন ২০২০ মেয়াদে মোট ৪৮.২৬৯৫ কোটি (সম্পূর্ণ জিওবি) টাকা প্রাকলিত ব্যয়ে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্পটি অনুমোদন করা হয়েছে।

### প্রকল্পের মূল উদ্দেশ্য

- জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির প্রশিক্ষণ সুবিধাদি বৃক্ষি করা এবং প্রশিক্ষণ সুবিধাদির আধুনিকায়ন।
- মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের উপযোগী করার জন্য একাডেমির ভৌত অবকাঠামো উন্নয়ন।
- জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির অনুষদ সদস্যদের পেশাগত দক্ষতা বৃক্ষি।

### প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমঃ

- একাডেমির অবকাঠামো উন্নয়নের জন্য ৩ তলা আধুনিক ট্রেনিং কমপ্লেক্স, ৪ তলা ডরমিটরি, ২ তলা ডিজি বাংলো, ২ তলা মেডিকেল সেন্টার, গেস্ট হাউজ, অফিসার্স ডরমিটরি ও ডে-কেয়ার সেন্টারসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ।
- বিদ্যমান ডরমিটরি, অফিস ভবন, আবাসিক ভবন ও লেবার শেড মেরামত এবং অডিটরিয়াম আধুনিকায়ন ও ক্যাফেটেরিয়া সম্প্রসারণ।
- মানসম্পন্ন আধুনিক প্রশিক্ষণ সুবিধাদি বৃক্ষি করার জন্য প্রশিক্ষণ সামগ্রী, অফিস সরঞ্জাম, ইলেকট্রিক সামগ্রী, আসবাবপত্র, যানবাহন এবং কৃষি যন্ত্রপাতি ক্রয়।
- নেটওয়ার্কিং এবং বই/সাময়িকী/জার্নাল ক্রয়।
- বিভিন্ন ধরনের প্রশিক্ষণ ও ওয়ার্কশপ।